CC.TNS No- 32707058240021

WOMEN POLICE STATION (SADAR) PURULIA

W.B. Form No

1271

# FIRST INFORMATION REPORT

First information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist. Purulia Sub-Div. Sadar P.S. Women P.S. Year 2024 FIR No. 21/24 Date 07.06.2024
2. I) Act I.P.C. Sections 498A/307/323/325/34 I.P.C
   314 DP Act.
3. a) General Diary Reference Entry No. 55 Time 12.05 hrs.
   b) Occurrence of crime Day Since after her marriage and lastly on- 20.04.2024.
   c) Information received Date 07.06.2024 Time 12.05 hrs. Entry No. 55 at the P.S.
4. Type of information Written/Oral Written Type.
5. Place of Occurrence a) Direction and Distance from P.S. Approx 90 kms South Side from P.S.
   b) Address Housh No- 52, Road No- 5, Zone No- 4 (Near Nakrital), Birsanagar. P.O. P.S.- Birsanagar. Jamshedpur. Dist- Purba Singhbhum (Jharkhand).
   c) In case outside limit of this Police Station, then the name of P.S. District
6. Complainant / Informant:
   a) Name Nayna Pramanik.
   b) Father's / Husband's Name W/o- Debasis @ Bapan Paramanik.
   c) Date / Year of birth 35 Yrs.
   d) Nationality Indian
   e) Address Housh No-52, Road No 5, Zone No-4 (Near Nakrital) Birsanagar, P.O. P.S.- Birsanagar, Jamshedpur, Dist- Purba Singhbhum (J.H), A/P- Daspara, Near Purulia 40 Quarter, PO- Dulmi Nadiha, PS- Purulia (T), Dist- Purulia.
7. Details of known/suspected/unknown accused with full particulars (Attach separate sheet, if necessary)
   1. Debasis @ Bapan Paramanik, S/o- Lt Santosh Kumar Paramanik. (Husband)
   2. Gouri Paramanik. W/o- Lt. Santosh Kumar Paramanik. (Mother in law)
   3. Dipankar Paramanik, S/o- Lt. Santosh Kumar Paramanik. (Brother in law)
   4. Arpita Paramanik, W/o- Dipankar Paramanik. (Sister in law)
   5. Kakali Pandit, W/o- Sudipta Pandit, (Sister in law)
   6. Kalyani Lai, W/o- Trinanjoy Lai, (sister in law)
   7. Trinanjoy Lai, S/o- Lt. Tulsi Das Lai, (Brother in law)
   8. Sudipta Pandit, S/o- Not Known. (Brother in law)

   All of House No-52, Road No-5, Zone No-4, (Near Nakrital), PS- Birsanagar, Jamshedpur, Dist- Purba Singhbhum, (Jharkhand)
8. Reasons for delay in reporting by the complainant/informant
9. Prticulars of properties stolen/involved (Attach separate sheet, if required):
10. Total value of properties stolen/involved:
11. Inquest report/U.D. Case no., if any:
12. F.I.R. Contents: (Attach separate sheets, if required) The original written type complaint which is treated as F.I.R of this case is attached here with. [signature] 07/06/24

Officer In-Charge
Women P.S. (Sadar) Purulia

13. Action taken: Since the above report reveals commission of offence(s) u/s 498A/307/323/325/34 IPC & 3/4 DP Act

registered the case and took up the investigation/directed L.S.I.- Sonali Chatterjee to take up the investigation/transferred to P.S. Women P.S.(S) Purulia. on point of jurisdiction. FIR read over to the Complainant/informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/informant free of cost.

Nayna Pramanik

[signature] 07/06/24

Officer In-Charge
Women P.S. (Sadar) Purulia

Signature/Thumb impression of the Complainant/informant

[signature] 07/06/24

Signature of the Officer-in-Charge, Police Station with

Name ARPITA BHATTA

Rank S.I of Police

Number if any Purulia Sadar (W) P.S., Dist- Purulia.

Officer In-Charge
Women P.S. (Sadar) Purulia

DP No- 411/24

WOMEN POLICE STATION (SADAR) · PURULIA ·

প্রতি,

ভারপ্রাপ্ত আধিকারীক মহাশয় সমীপেষু,

পুরুলিয়া (সদর) মহিলা থানা,

জেলা পুরুলিয়া।

তারিখঃ ...07/06/2024.....।

মাননীয় মহাশয়,

আমি শ্রীমতী নয়না পরামানিক স্বামী শ্রী দেবাশীষ ওর্ফে বাপন পরামানিক, সাকিম হাউস নং ৫২, রোড নং ৫, জোন নং ৪ (লকড়ীটালের সন্নিকটে), বিরসানগর, পোঃ,থানা বিরসানগর, জামসেদপুর, জেলা পূর্ব সিংভূম (ঝাড়খন্ড), বর্তমান ঠিকানা দাসপাড়া, পুরুলিয়া ৪০ কোয়ার্টাসের সামনে, পোঃ দুলমী-নডিহা, থানা পুরুলিয়া (টাউন), জেলা পুরুলিয়া। আমার বিনীত নিবেদন এই যে, গত ১১ই ডিসেম্বর ২০০৯ তারিখে ঝাড়খন্ডের জামসেদপুরের অন্তর্গত বিরসানগর থানার ৪ নং জোন, রোড নং ৫, বাড়ী নং ৫২ নিবাসী ৺ সন্তোষ কুমার পরামানিকের দ্বিতীয় পুত্র দেবাশীষ ওর্ফে বাপন পরামানিকের সাথে সামাজিক হিন্দু শাস্ত্র মতে বিয়ে হয়। বিয়ের সময় পাত্রপক্ষের দাবীমতো আমার বাবা নগদ ১ লক্ষ ২৫,০০০/- টাকা, ১৬ভরি সোনা, গোদরেজ আলমারী, ফ্রিজ, ড্রেসিং টেবিল, ওয়াসিং মেশিন, হাতঘড়ি ইত্যাদি বরপন দিতে বাধ্য হন, কিন্তু তাতেও আমার স্বামী দেবাশীষ পরামানিক, শ্বাশুড়ী গৌরী পরামানিক, ভাসুর দীপঙ্কর পরামানিক, জ্যা অর্পিতা পরামানিক, ননদ কাকলি পন্ডিত, কল্যানী লাই, নন্দাহ ত্রিনঞ্জয় লাই ও সুদীপ্ত পন্ডিত খুশী হয় নাই।

বিয়ের পর আমি স্বামীর সাথে শ্বশুর বাড়ী যাই এবং স্বামী-স্ত্রী হিসাবে যৌথ পরিবারে বসবাস করতে থাকি। বিয়ের পর থেকেই আমার স্বামী তার মা, দাদা, বৌদি, বোন ও বোন জামাইদের কুপরামর্শে আমাকে বিভিন্ন অছিলায় শারীরিক ও মানসিক অত্যচার শুরু করে। সকাল থেকে সন্ধ্যা পর্য্যন্ত ঝি এর মতো যাবতীয় কাজ আমাকে একা করতে বাধ্য করতো। আমার সমস্ত অলঙ্কার আমার শ্বাশুড়ী কেড়ে নেয়। সমস্ত অত্যাচার ও নির্য্যাতন মুখ বুঝে সহ্য করে স্বামীর ঘর করতে থাকি। ইতিমধ্যে আমার একটি পুত্র সন্তান হয়। সন্তান জন্মানের পর থেকে অত্যাচার ও মারপিট ক্রমশঃ বাড়তে থাকে। সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে স্বামীর ঘরেই থাকি। পরবর্তী কালে করোনা মহামারীর সময় আমাকে মারপিট করে শিশু সহ বাড়ী থেকে বের করে দেয় সকলে মিলে ২০২০ স্যালের মে মাসে। বাধ্য হয়ে বহুকষ্টে বাবার বাড়ী আসি। তারপর আমার স্বামী আমাকে ও আমার পুত্র সন্তানকে নিয়ে যাইনি। ফোন মারফৎ বলে যে, আমাকে নিয়ে যাবে না। বাধ্য হয়ে আমি ২০২১ সালে খরপোষের জন্য আমার স্বামীর বিরুদ্ধে মমলা করি। সেই মামলায় আমার স্বামী হাজির হয় এবং মেডিয়েশন সেন্টারে মেডিয়েটারের মধ্যস্থতায় ও আদেশে পুনরায় ১৫-০৭-২০২২ সালে স্বামীর ঘরে ফিরে যাই।

পরের পাতায় ............ (২)

WOMEN POLICE STATION (SADAR) PURULIA



প্রকাশ থাকে যে, আমার ছেলের স্কুলের ফি আমার স্বামী ও তার পরিবারের লোকেরা দিতে অস্বীকার করে। বাবার কাছ থেকে প্রতি মাসে টাকা চেয়ে আমার পুত্রের স্কুলের ফিজ মেটাতে বাধ্য করে। ব্যবসা করার জন্য বাবার কাছ থেকে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা দাবী করে। সেই টাকা আমার বাবা দিতে না পারলে সকলে মিলে দিনের পর দিন আমাকে বর্ণনাতীত ভাবে মারপিট করতে থাকে। ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার জন্য আমার বাবার বাড়ীতে এসে আমাকে বার বার সকলে মিলে মারপিট করে বাবাকে অশ্রাব্য ভাষায় গালি দেয়।

আরও প্রকাশ থাকে যে, আমার স্বামী, শ্বাশুড়ী, ভাসুর ও নন্দাই ত্রিনঞ্জয় লাই, সুদীপ্ত পন্ডিত আমার বাবার বাড়ী পুরুলিয়াতে এসে টাকার জন্য ঝগড়া করে। প্রতিবাদ করলে আমাকে বাবার সামনেই মারপিট করে এবং বলে যে, টাকা না দিলে আমাকে তাদের বাড়ীতে রাখবে না। বাড়তি পনের টাকার জন্য গত ১১-০৩-২০২৩ তারিখ আমার ৺ শ্বশুরের মৃত্যু বার্ষিকী ক্রিয়ার দিনে উপরোক্ত ব্যাক্তিরা পারস্পরিক ষড়যন্ত্রে লিপ্ত হয়ে আমাকে প্রাণে মারার জন্য আমার সাথে তর্কাতর্কি করতে থাকে। আমার স্বামী আমাকে নির্দয় ভাবে পেটাতে থাকে। সেই সময় সকলে আমাকে এলোপাথাড়ি মারতে শুরু করে। আমার বড় ননদ কল্যানী লাই ও তার স্বামী ত্রিনঞ্জয় লাই একটি বালিশ তুলে আমার মুখে চেপে ধরে প্রাণে মারার জন্য। আমার স্বামী আমাকে শ্বাসরোধ করে মেরে ফেলার জন্য দুহাত দিয়ে আমার নাক চেপে ধরে। আমার নাক ফেটে যায় এবং প্রচন্ড রক্ত বের হতে থাকে, আমার ছেলে কোনক্রমে আমার প্রাণ বাঁচায়। বন্ধুদের সাহায্যে ডাক্তার দেখিয়ে সুস্থ হই। আরও প্রকাশ থাকে যে, পনের টাকা ও ছেলের স্কুলের ফি দেওয়াকে কেন্দ্র করে গত ২৩-০৬-২০২৩ তারিখ আমার স্বামী, তার মা, ছোট বোন, দাদা, বৌদি ও ছোট নন্দাই এর পরামর্শে আমাকে শেষ করে দেওয়ার জন্য একটি লোহার রড দিয়ে আমার মাথায় মারে। আমি মাথা সরিয়ে নিলে রডের আঘাত আমার বাঁ কাঁধে পড়ে এবং আমার কাঁধের হাড় ভেঙ্গে যায় ও বিচ্যুত হয়। আমি আঘাতের ফলে পড়ে গেলে আমার শ্বাশুড়ী গৌরী পরামানিক, ভাসুর দীপঙ্কর পরামানিক, ননদ কাকলি পন্ডিত ও নন্দাই সুদীপ্ত পন্ডিত লাঠি দিয়ে আমার পাছায়, পিঠে ও সারা শরীরে আঘাত করে আমাকে গুরুতর জখম করে। আমি কোনক্রমে পাড়ার বন্ধুদের সহায়তায় সরকারী হাসপাতালে চিকিৎসা করি। আমার কাঁধের হাড় ভেঙ্গে যাওয়ায় ডাক্তারবাবু আমাকে মহাত্মাগান্ধী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রেফার করেন। সেখানে আমার চিকিৎসা হয় এবং এক্সরে করে ডাক্তারবাবু বলেন যে আমার কাঁধের হাড় সরে গেছে।

মহাশয় প্রাণের ঝুঁকি নিয়ে আমার ও আমার বাচ্চার ভবিষ্যত চিন্তা করে বহু অত্যাচার সহ্য করে স্বামী ঘর করার চেষ্টা করি। কিন্তু গত ২০-০৪-২০২৪ তারিখ ছেলের স্কুলের ফি দেওয়াকে কেন্দ্র করে আমার স্বামী আমার নাবালক পুত্রকে মারতে শুরু করে। আমি প্রতিবাদ করলে আমার স্বামী, শ্বাশুড়ী, ভাসুর, জ্যা ও ননদ কাকলি পন্ডিত ও নন্দাই সুদীপ্ত পন্ডিত আমাকে নির্দয়ভাবে মারপট করে গলা ধাক্কা দিয়ে শিশু পুত্র সহ বাড়ি থেকে তাড়িয়ে দেয়। বাধ্য হয়ে শিশু পুত্রকে নিয়ে বাবার বাড়ী পুরুলিয়াতে আশ্রয় নিয়েছি।

পরের পাতায় ......... (৩)

WOMEN POLICE STATION (SADAR) PURULIA

(৩)

অতএব প্রার্থনা ঘটনার সরজমিন তদন্ত করে আমার লোভী স্বামী দেবাশীষ ওর্ফে বাপন পরামানিক, শ্বাশুড়ী গৌরী পরামানিক স্বামী ৺ সন্তোষ কুমার পরামানিক, ভাসুর দীপঙ্কর পরামানিক পিতা ৺ সন্তোষ কুমার পরামানিক, জ্যা অর্পিতা পরামানিক স্বামী দীপঙ্কর পরামানিক, ননদ কাকলি পন্ডিত স্বামী সুদীপ্ত পন্ডিত, কল্যানী লাই স্বামী ত্রিনঞ্জয় লাই, নন্দাই ত্রিনঞ্জয় লাই পিতা ৺ তুলসী দাস লাই, সুদীপ্ত পন্ডিত (পিতার নাম জানা নাই) এদের বিরুদ্ধে শাস্তি মূলক আইনী ব্যবস্থা নিতে মর্জ্জী হয়।

Received a written Type complaint on 07/06/2024 at 12:05 hrs and started Purulia (S) Women PS Case No-21/24, Dtd-07.06.2024. u/s 498A/307/323/325/34 IPC & 3/4 DP Act.

[signature] 07/06/24

Officer In-Charge
Women P.S. (Sadar) Purulia

নিবেদন, ইতি -

বিনীতা -

Nayna Paramanik

(নয়না পরামানিক) (35)

প্রযত্নে আশিষ কুমার দাস

ঠিকানা - দাসপাড়া, পুরুলিয়া,

৪০ কোয়ার্টাসের সামনে

পোঃ দুলমী-নডিহা,

থানা পুরুলিয়া (টাউন),

জেলা পুরুলিয়া (পঃবঃ)।

ফোন নম্বর -

→ 9430187124

→ 8092609194